গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
রাজশাহী কলেজ, রাজশাহী।
e-mail: rajshahicollegebd@gmail.com website: www.rc.edu.bd
online news portal: rcbarta.com Fax: 0721-771511

স্মারক নং-রাক/..২৬........ তারিখ:.02/01/2020

**২০১৮ সালের এমএ/এমএসএস/এমবিএ/এমএসসি শেষ পর্ব (আইসিটি সহ) পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ২০১৮ সালের এমএ/এমএসএস/এমবিএ/এমএসি শেষ পর্ব (আইসিটি সহ) পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অন-লাইনে সম্পন্ন করা হবে। ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের যে সকল নিয়মিত শিক্ষার্থী ২০১৭ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার ফরম পূরণ করেনি তারা পুনঃভর্তির মাধ্যমে পরীক্ষার ফরম পূরণ করতে পারবে। উক্ত কোর্সের ছাত্র/ছাত্রীদের ছাত্রাবাস/ছাত্রীনিবাস, বিএনসিসি, সেমিনার ও অন্যান্য পাওনা পরিশোধ করে **(প্রযোজ্য ক্ষেত্রে)** নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী পরীক্ষার আবেদন ফরম পূরণের কাজ সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া হলো।

**১। আবেদন ফরম পূরণের সময়সূচি**

| তারিখ | বিষয়ের নাম | সময় | ফরম পূরণের স্থান | |
|---|---|---|---|---|
| | | | নিয়মিত | প্রাইভেট |
| ০৫/০১/২০২০ থেকে ০৯/০১/২০২০ | **(নিয়মিত, অনিয়মিত এবং গ্রেড উন্নয়ন) সকল বিষয়** | সকাল ১০টা থেকে বেলা ০২টা পর্যন্ত | স্ব স্ব বিভাগ | - |
| ০৫/০১/২০২০ থেকে ০৯/০১/২০২০ | **(প্রাইভেট, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন) সকল বিষয়** | ঐ | - | রাষ্ট্রবিজ্ঞান বিভাগ |

বিভাগ সমূহ থেকে On-line-এ নিশ্চায়নের প্রিন্টকৃত বিবরণীর মূল কপি (বাঁধাইকৃত) ০২ (দুই) সেট ও হিসাব বিবরণী সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির নিকট ১২/০১/২০২০ তারিখ বেলা ০২:০০ টার মধ্যে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

**২। পরীক্ষার ফিস জমা:**

**Student** ID ব্যবহার করে নির্ধারিত ফিসের টাকা ডাচবাংলা (DBBL) মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ০৫/০১/২০২০ থেকে ০৯/০১/২০২০ তারিখের মধ্যে জমা দিতে হবে। স্টুডেন্ট আইডি জানা না থাকলে স্ব স্ব বিভাগে যোগাযোগ করা যেতে পারে অথবা ওয়েবসাইটের 'ফরম পূরণ' পেজে প্রদত্ত গাইডলাইন অনুসরণ করা যেতে পারে। কলেজ ওয়েবসাইট/নোটিশ কর্নার থেকে ফি'র পরিমাণ জানা যাবে।

**DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলী:**

ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যান।
খ) '1' (One) নং পেমেন্ট সিলেক্ট করুন।
গ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন।
ঘ) Bill No-এ আপনার **স্টুডেন্ট ID** টি দিন।
ঙ) নির্ধারিত টাকার পরিমাণ লিখুন।
চ) চার সংখ্যার 'পিন' টাইপ করুন।
ছ) Ok অথবা Send বাটন ক্লিক করুন।
জ) **পরবর্তীতে রেফারেন্স ID ও Password দিয়ে লগইন করে Confirmation Slip Download করা যাবে।**

*** যে সকল শিক্ষার্থীর স্মার্টফোন আছে তারা http://rc.edu.bd/online-form-fillup লিংকে প্রবেশ করে নিজেরাই ডাচবাংলা মোবাইল ব্যাংকে ফি পরিশোধ করে TrxID সংগ্রহ পূর্বক ফরম পূরণ করতে পারবে।

**৩। অনলাইন প্রিন্ট কপির সঙ্গে যে সকল কাগজ সংযুক্ত করতে হবে তার বিবরণ এবং অন্যান্য নির্দেশনা:**

ক) মাস্টার্স শেষ পর্ব রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি-১ কপি করে।
খ) আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করে সদ্য তোলা পাসপোর্ট আকারের ২ কপি রঙিন ছবি সংযুক্ত করে জমা দিতে হবে।
গ) পরীক্ষার পূরণকৃত আবেদন ফরমের Student কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থীকে সংশ্লিষ্ট বিভাগ ফেরত দিবে।
ঘ) Confirmation Slip- এর ডাউনলোড কপি আবেদনপত্রের সঙ্গে বিভাগে জমা দিতে হবে।

৪। মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার আবেদন ফরম পূরণের নির্ধারিত (আইসিটি ব্যতীত) ফিসের বিবরণ (অকৃতকার্য ও গ্রেড উন্নয়ন)

| ক্র: নং | বিবরণ | নির্ধারিত ফি | ক্র: নং | বিবরণ | নির্ধারিত ফি |
|---|---|---|---|---|---|
| ১ | তত্ত্বীয় ফি (প্রতি পূর্ণ পত্র) জা:বি: | ২৫০/- | ১১ | টার্মপেপার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)<br>ক) বিশ্ববিদ্যালয়ে জমা হবে ১০০/-<br>খ) কলেজে জমা হবে ১৫০/- | ২৫০/- |
| ২ | তত্ত্বীয় ফি (প্রতি অর্ধ পত্র) জা:বি: | ১৫০/- | ১২ | ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)<br>ক) বিশ্ববিদ্যালয়ে জমা হবে ১০০/-<br>খ) কলেজে জমা হবে ২০০/- | ৩০০/- |
| ৩ | ব্যবহারিক পরীক্ষার ফি (জা:বি:) | ২৫০/- | ১৩ | সাময়িক সনদ ও নম্বরপত্র ফি (২০১৬ ও ২০১৭ সালে যেসব পরীক্ষার্থী ফরম পূরণ করেছে তাদের ক্ষেত্রে প্রযোজ্য হবেনা)<br>সাময়িক সনদ ফি (জা:বি) | ৩০০+৩০০= ৬০০ |
| ৪ | মৌখিক পরীক্ষার ফি (জা:বি:) | ২৫০/- | | | |
| ৫ | তত্ত্বীয় কেন্দ্র ফি (কলেজ) | ৪৫০/- | | | |
| ৬ | ব্যবহারিক কেন্দ্র ফি (কলেজ) | ১২০/- | | | |
| ৭ | সমাজকর্ম বিষয়ের মাঠকর্ম ফি (প্রতি পরীক্ষার্থী)- কলেজ | ১০০০/- | | | |
| ৮ | ব্যবস্থাপনা ফি (কলেজ) | ৫০/- | | | |
| ৯ | ডাটা এন্ট্রি ও আনুষঙ্গিক ফি (প্রাইভেট পরীক্ষার্থীর ক্ষেত্রে) | ১০০/- | | | |
| ১০ | ল্যাবরেটরি চার্জ | ১ দিনের পরীক্ষার জন্য (প্রতি প্রার্থী) এবং | | | ১৩০/- |
| | | পরবর্তী প্রতি দিনের জন্য (প্রতি প্রার্থী) | | | ৭৫/- হারে |

৫। ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব পরীক্ষা নির্ধারিত ফি (প্রতি পরীক্ষার্থী):

| ক্র. | বিবরণ | | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ১. | এম.এ/এম.এস.এস/এম.বি.এ (নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট) সকল পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে | | ২,৮০০/- (নিয়মিত, অনিয়মিত)<br>২৭০০/- (প্রাইভেট) |
| ২. | এম.এস-সি (নিয়মিত ও অনিয়মিত) সকল পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে | | ২,৯৫০/- |
| ৩. | আইসিটি ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | | ৭০০/- (নির্ধারিত) |
| ৪. | কেন্দ্র ফি (প্রতি পরীক্ষার্থী) | | ৪৫০/- |
| ৫. | টার্মপেপার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) কলেজ জমা হবে | | ১৫০/- |
| ৬. | ইনকোর্স পরীক্ষার ফি (কলেজে জমা হবে। | | ২০০/- |
| ৭. | কেন্দ্র ফি ব্যবহারিক (কলেজে জমা হবে) | | ১২০/- |
| ৮. | মৌখিক পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী) (কলেজের জন্য) | | ৭৫/- |
| ৯. | ডাটা এন্ট্রি ও আনুষঙ্গিক ফি (প্রাইভেট পরীক্ষার্থীর ক্ষেত্রে) | | ১০০/- |
| ১০. | ব্যবস্থাপনা ফি | | ৫০/- |
| ১১. | গ্রেড উন্নয়ন, সিজিপিএ উন্নয়ন এবং অকৃতকার্য পরীক্ষার্থীর ক্ষেত্রে (অর্ন্তভূক্ত ফি-৩০০/- টাকা এবং পত্র সংখ্যা অনুযায়ী ফিসহ প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য ফি) | | |
| ১২. | সমাজকর্ম বিষয়ের জন্য মাঠকর্ম ফি (প্রতি পরীক্ষার্থী) | | ১০০০/- |
| ১৩. | শুধুমাত্র মৌখিক/ব্যবহারিক/টার্মপেপার/মাঠকর্ম পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে | | ১০০০/- |
| ১৪. | ল্যাবরেটরি চার্জ | ১ দিনের পরীক্ষার জন্য (প্রতি প্রার্থী) এবং | ১৩০/- |
| | | পরবর্তী প্রতি দিনের জন্য (প্রতি প্রার্থী) | ৭৫/- হারে |

**বি:দ্র: নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবে না।**

বি:দ্র: (১) আবেদন ফরম পূরনের সময় পরীক্ষার্থীর টার্মপেপার/ইনকোর্স পরীক্ষায় প্রাপ্ত নম্বরের মূল ম্যানুয়েল কপি থেকে অন-লাইনে রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে এন্ট্রি করার পর প্রিন্ট কপি মূল ম্যানুয়েল কপির সাথে যাচাই করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হবার পর **মূল ম্যানুয়েল ও প্রিন্ট কপিগুলো বিষয়ওয়ারী আলাদা খামে সিলগালা করে আগামী ১২/০১/২০২০ তারিখে কমিটির নিকট জমা দিতে হবে এবং ফটোকপি স্ব স্ব বিভাগে সংরক্ষণ করতে হবে।**

(২) মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম/থিসিস/মনোগ্রাফ পত্রের নম্বরসমূহ প্রেরণের নির্দেশনা পরবর্তীতে জানানো হবে।

(৩) রেজিঃ কার্ড ও প্রবেশপত্রে উল্লিখিত পত্রকোড ব্যতীত অন্য কোন পত্রকোডে পরীক্ষায় অংশগ্রহণ করলে পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে না। এমনকি পরীক্ষার পরে রেজিঃ কার্ড ও প্রবেশপত্রে পত্রকোড সংশোধন করা যাবে না।

৬। <u>পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:</u>

ক) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে নিয়মিত ও প্রাইভেট শিক্ষার্থী নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

খ) ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৬ ও ২০১৭ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারা ২০১৮ সালের পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল পত্রের/কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

গ) ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৬ এবং ২০১৭ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক পত্রে F গ্রেড পেয়ে অকৃতকার্য হয়েছে তারা ২০১৮ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় শুধুমাত্র F গ্রেড প্রাপ্ত কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ঘ) ২০১৭ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় সকল বিষয়ে অংশ নিয়ে যেসব শিক্ষার্থী এক বা একাধিক পত্রে F গ্রেড পেয়েছে সেসব শিক্ষার্থী F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষায় অংশ নিবে এবং একই সাথে C এবং D গ্রেড প্রাপ্ত কোর্সে গ্রেড উন্নয়নের লক্ষ্যে অংশগ্রহণ করতে পারবে। এসব শিক্ষার্থী ২০১৮ সালের পরীক্ষায় উত্তীর্ণ হলে মান উন্নয়ন/গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।

ঙ) ২০১৭ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় সকল বিষয়ে অংশ নিয়ে যেসব শিক্ষার্থী CGPA-2.5 বা এর কম পেয়ে উত্তীর্ণ হয়েছে তারা ২০১৮ সালের পরীক্ষায় যেসব কোর্স/পত্রে C এবং D গ্রেড পেয়েছে শুধুমাত্র সেসব কোর্স/পত্রে (সর্বোচ্চ ০২ টি পত্রে) মান উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। **উল্লেখ্য, এসব শিক্ষার্থীর ইন-কোর্স/ব্যবহারিক, টার্মপেপার, মৌখিক পরীক্ষার পূর্ববর্তী বছরের নম্বর বহাল থাকবে।**

৭। ICT সহ এমএ/এমএসএস/এমবিএ/এমএসি শেষ পর্ব পরীক্ষায় জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক সর্বশেষ প্রণীত চলতি সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৮। **ইনকোর্স ও টার্মপেপার পরীক্ষার প্রয়োজনীয় শর্তাবলী:**

**ক) সকল পরীক্ষার্থীদের (নিয়মিত ও প্রাইভেট) ক্ষেত্রে রেজিস্ট্রেশন নম্বর প্রাপ্তির পর কলেজের সংশ্লিষ্ট বিভাগ ২০% নম্বরের একটি ইনকোর্স পরীক্ষা গ্রহণ করে প্রাপ্ত নম্বর রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে অনলাইনে এন্ট্রি করতে হবে।**

**খ) সকল পরীক্ষার্থীদের (নিয়মিত ও অনিয়মিত যদি থাকে) ক্ষেত্রে রেজিস্ট্রেশন নম্বর প্রাপ্তির পর কলেজের সংশ্লিষ্ট বিভাগ পরীক্ষার্থীদের টার্মপেপার নম্বর রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে অনলাইনে এন্ট্রি করতে হবে।**

**গ) ইনকোর্স ও টার্মপেপার পরীক্ষার মূল নম্বর পত্রের (ম্যানুয়েল কপি) ফটোকপি কলেজ সংরক্ষণ করবে এবং মূল কপি (ম্যানুয়েল কপি) ফরম পূরণের বিবরণী ও ফি জমাদানের স্লিপের সাথে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে।**

৯। অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী (পরীক্ষার্থীদের জন্য):

ক) আবেদনকারী নিজ দায়িত্বে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট ( www.nubd.info/mf ) এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে। আবেদন ফরম পুরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম পিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয়কোড এবং ফি উল্লেখ থাকবে। ফিসহ পিন্টকৃত কপি আবেদনকারীকে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে।

খ) আবেদনকারীকে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।

**বি:দ্র: জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ফরম পূরণ সংক্রান্ত প্রকাশিত বিজ্ঞপ্তি যথাযথভাবে অনুসরণ করার জন্য বিভাগীয় প্রধানগণকে অনুরোধ জানানো হলো।**

**বি:দ্র: নিয়মিত পরীক্ষার্থীদেরকে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় ফি DBBLএ এবং অনিয়মিত, অকৃতকার্য এবং গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদেরকে কলেজের নির্ধারিত রূপালী ব্যাংক লিমিটেড, কে.এন. আই রোড শাখা, সাহেব বাজার এবং প্রাইভেট পরীক্ষার্থীদেরকে পে-স্লিপের মাধ্যমে কলেজের ক্যাশ শাখায় জমা দিতে হবে।**

অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

স্মারক নং-রাক/২৬(৬০) তারিখ: 02/02/2020

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো**

১। বিভাগীয় প্রধান, ........................................................................ বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী।
২। আহবায়ক, মাস্টার্স শেষ পর্ব প্রাইভেট এবং নিয়মিত পরীক্ষা কমিটি-২০১৮, রাজশাহী কলেজ, রাজশাহী।
৩। আইসিটি শাখা, রাজশাহী কলেজ, রাজশাহী।
৪। প্রধান তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক, মুসলিম ছাত্রাবাস/ছাত্রীনিবাস/হিন্দু ছাত্রাবাস, রাজশাহী কলেজ, রাজশাহী।
৫। ম্যানেজার, রূপালী ব্যাংক লিমিটেড, কাজী নজরুল ইসলাম সড়ক শাখা, রাজশাহী কলেজ বুথ, রাজশাহী।
৬। ম্যানেজার, DBBL, রাজশাহী।
৭। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী।
৮। সংরক্ষণ নথি।

2/2/2020

অধ্যক্ষ 02/02/2020
রাজশাহী কলেজ, রাজশাহী।
02/02/2020